

ত্রিপুরা উপজাতি এলাকা স্বশাসিত জেলা পরিষদ
তথ্য ,সংস্কৃতি ও পর্যটন
খুমলুঙ ,পশ্চিম ত্রিপুরা ।

কাইরাই পাড়ায় এডিসির উদ্যোগে ১০ দিন ব্যাপী
সাংস্কৃতিক কর্মশালা সমাপ্ত

এডিসি।স-৭০
খুমলুঙ, ১৮।২।২০।১০ইং

গতকাল মান্দাই ব্লকের অন্তর্গত কাইরাই পাড়ায় এডিসির তথ্য সংস্কৃতি পর্যটন দপ্তরের উদ্যোগে ১০ দিন ব্যাপী সাংস্কৃতিক কর্মশালার সমাপ্তি অনুষ্ঠান হয় । মাঙ্গলিক প্রদীপ জ্বালিয়ে শুভ উদ্বোধন করেন এডিসির তথ্য সংস্কৃতি ও পর্যটন দপ্তরের নির্বাহী সদস্য শ্রীরাধাচরণ দেববর্মা । উদ্বোধনী ভাষণে শ্রীদেববর্মা বলেন যে কোন জনগোষ্ঠী নিজস্ব সংস্কৃতি জিইয়ে রাখার জন্য শান্তির পরিবেশ আবশ্যিক । শান্তি সম্প্রীতি বজায় রাখার মাধ্যমে প্রত্যন্ত অঞ্চলে প্রায় হারিয়ে যাওয়া কৃষ্টি সংস্কৃতিকে জন সন্মুখে পুনরায় ফুটিয়ে তোলার সম্ভব হয়েছে । কৃষ্টি সংস্কৃতির মাধ্যমে মানুষের পরিচয় ঘটে ,তাই সমাজ বন্ধাজীব হিসাবে আনন্দ মুখর জীবন যাপনের প্রয়োজনীয়তার বিষয়ে গুরুত্বারোপ করে বক্তব্য রাখেন শ্রীদেববর্মা ।

অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণে মান্দাই ব্লকের বি এ সি চেয়ারম্যান তথা বিধায়ক শ্রীমনোরঞ্জন দেববর্মা উপজাতি জনগোষ্ঠীর মধ্যে নিরক্ষর ও অর্থনৈতিক দুর্বলতা কারণে পিছিয়ে পড়া ভাষা সংস্কৃতিকে প্রসার ঘটাতে সকলের সহযোগিতা কামনা করেন । তিনি কুসংস্কার মুক্ত সমাজ গড়ে তোলার লক্ষ্যে এগিয়ে চলার আহ্বান জানান ।

অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন এলাকার বিশিষ্ট সমাজসেবী শ্রীসীতানাথ দেববর্মা । স্বাগত ভাষণ রাখেন তথ্য সংস্কৃতি ও পর্যটন দপ্তরের সিনিয়র কালচারেল অফিসার শ্রীকৃষ্ণ দেববর্মা । সভাপতিত্ব করেন কাইরাই ভিলেজ কমিটির চেয়ারম্যান শ্রীধনঞ্জয় দেববর্মা । অনুষ্ঠানে তীয়খেরেঙ হুকুমু সাংস্কৃতিক দলের হাতে এডিসির পক্ষ থেকে বাদ্যযন্ত্র ও ব্যান্ড সেট দেওয়া হয়েছে । উল্লেখ্য এই কর্মশালা গত ৮ ফেব্রুয়ারী শুরু হয়েছিল ।